গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: আবাআখা/আইটি/অনলাইন ব্যাংকিং/৪৫/২০১৬-৬৬৬৮ তারিখ: ২৩/০৬/২০২০ খ্রি.

বিষয়: **আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড প্রদান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড প্রদান করার জন্য ইতিমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী **২৮ জুন, ২০২০ খ্রি., রোজ- রবিবার, বেলা ১১.৩০ ঘটিকায় অনলাইনে লাইভ-এর মাধ্যমে** আইডি কার্ড প্রদান কার্যক্রমের উদ্বোধন করার জন্য আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব আকবর হোসেন সম্মতি প্রদান করেছেন। উক্ত অনুষ্ঠানে রাজবাড়ি, নাটোর, পিরোজপুর, চাঁপাইনবাবগঞ্জ, বাগেরহাট ও খাগড়াছড়ি জেলার আইডি কার্ড প্রদান করা হবে। এ লক্ষ্যে উক্ত জেলা সমূহের সকল উপজেলা সমন্বয়কারী/সিনিয়র অফিসার (দায়িত্বপ্রাপ্ত) সংশ্লিষ্ট জেলা সমন্বয়কারীর নিকট হতে উপজেলার সকল কর্মকর্তা-কর্মচারীর আইডি কার্ড গ্রহণ করবেন। এক্ষেত্রে অবশ্যই সকলকে নির্দিষ্ট সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। আইডি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানের লাইভের লিংক প্রকল্পের ওয়েবসাইটের খবর ও নোটিশ বোর্ড সেকশনে পাওয়া যাবে। মাঠসহকারীসহ সকল কর্মকর্তা-কর্মচারী উক্ত লিংকে ক্লিক করে লাইভ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

এমতাবস্থায়, যথাসময়ে আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অনলাইনে আইডি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানের লাইভে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৩/৬/২০২০
(নজির আহমদ)
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও সমন্বয়)
আমার বাড়ি আমার খামার প্রকল্প

১। জেলা সমন্বয়কারী (সকল), আবাআখা প্রকল্প।
.......................................জেলা।

২। উপজেলা সমন্বয়কারী (সকল)/সিনিয়র অফিসার (দায়িত্বপ্রাপ্ত), আবাআখা প্রকল্প।
..................উপজেলা....................জেলা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপপ্রকল্প পরিচালক (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)............. উপজেলা............ জেলা।
৪) সহকারী প্রোগ্রামার, আবাআখা প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫) জনাব ..................................................।
৬) অফিস কপি, আবাআখা প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।